**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, নভেম্বর ১৪, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং নিমবো/নিমনি/সোপ এন্ড কসমেটিকস/২০১৬/৫০৩**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯(১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮(১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৬ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ করিবেন।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



**মূল্য ঃ** টাকা ১২.০০

# "সোপ এন্ড কসমেটিকস" শিল্প
## খসড়া সুপারিশ-২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক পত্র সংখ্যা ৪০.০০.০০০০.০১৬.৩২.০১.১৬-৮১ তারিখ: ০৬ জুন, ২০১৬খ্রিঃ মূলে "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস, আর, ও নং ১৩৫-আইন/২০১৬ তারিখ: ০১ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/১৫ মে ২০১৬খ্রিঃ এবং রবিবার, মে ২২, ২০১৬ খ্রিঃ তারিখ এর প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও উক্ত শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে ঢাকায় অবস্থিত কমান্ডার সোপ কোম্পানী লিমিটেড, লালবাগ কেমিক্যাল এন্ড পারফিউমারি ও কোহিনূর কেমিক্যাল কোম্পানী (বাংলাদেশ) লিঃ নামক "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সরেজমিনে তদন্ত করতঃ তথ্য-উপাত্ত সংগ্রহ করেন এবং একাধিক বৈঠকে মিলিত হন। অত্র বোর্ড "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার সুপারিশের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেন :

১। বাংলাদেশে অবস্থিত "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের জন্য উচ্চতর দক্ষ, দক্ষ, আধা-দক্ষ ও অদক্ষ এই ০৪ (চার) শ্রেণিতে এবং কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২ ও গ্রেড-৩ এই ০৩ (তিন) শ্রেণিতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণি বিভাগ করা হয় যাহা এতদ্‌সঙ্গে সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে। যদি কখনও এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হয়েছে।

৩। যদি "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরের মালিকগণ ফূরণভিত্তিক (Piece Rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার প্রচলিত শ্রম আইন অনুযায়ী এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৪। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৫। এই সুপারিশ ঘোষণার পর হইতে "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরের তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সে গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী সুপারিশকৃত মজুরী অনুযায়ী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৯। "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ গেজেট প্রকাশের তারিখ হইতে ০১ (এক) বছর পর মূল মজুরীর ৫% বৃদ্ধির সুবিধা পাইবে।

১০। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ নিযুক্ত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**(মোঃ আলী হায়দার)**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**(অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন)**
নিরপেক্ষ সদস্য

**(কাজী সাইফুদ্দীন আহমদ)**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**(ফজলুল হক মন্টু)**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**(আমিনুর রহমান)**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**(হাজী আনসার আলী খান)**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

## তফসিল “ক”

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৩০০/ | ২৬৫০/ | ৮০০/ | ৫০০/ | ৯২৫০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৩০০/ | ২১২০/ | ৮০০/ | ৫০০/ | ৮৭২০/ |

১। ফোরম্যান
২। মাস্টার টেকনিশিয়ান
৩। ওয়েল্ডার
৪। মেকানিক
৫। টার্নার
৬। সাধারণ মিস্ত্রী
৭। প্রেসম্যান/প্রেস মেশিনম্যান
৮। টয়লেট/ওয়াশিং প্রেসম্যান
৯। ফ্লোডার মেশিনম্যান
১০। মিক্সার মেশিনম্যান/মিক্সারম্যান
১১। ড্রাইং চেম্বার মেশিনম্যান
১২। বয়লার এটেনডেন্ট
১৩। ফিটার মিস্ত্রী
১৪। কাটিং মেশিনম্যান
১৫। ডাইস মিস্ত্রী
১৬। অপারেটর/প্লান্ট অপারেটর
১৭। ইলেকট্রিশিয়ান
১৮। বয়েলিংম্যান
১৯। প্যাকার্স/র‍্যাপার্স

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪১০০/ | ২০৫০/ | ৮০০/ | ৫০০/ | ৭৪৫০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪১০০/ | ১৬৪০/ | ৮০০/ | ৫০০/ | ৭০৪০/ |

১। সহকারী অপারেটর
২। সহকারী মেকানিক
৩। সহকারী ওয়েল্ডার
৪। সহকারী ইলেকট্রিশিয়ান
৫। সহকারী পাম্প অপারেটর
৬। বয়লার হেলপার
৭। কার্পেন্টার
৮। সহকারী বলিংম্যান
৯। বোতল/টিন ফিলিংম্যান
১০। ক্যাপ সিলিং/টিন সিলিংম্যান
১১। সহকারী ডাইস মিস্ত্রী
১২। সহকারী কাটিংম্যান

১৩। সহকারী ফিটার মিস্ত্রী

১৪। সহকারী প্রেসম্যান/সহকারী প্রেস মেশিনম্যান

১৫। সহকারী ফ্লোডার মেশিনম্যান

১৬। সহকারী মিক্সার মেশিনম্যান/সহকারী মিক্সারম্যান

১৭। সহকারী প্যাকার্স/সহকারী র‌্যাপার্স

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আধা-দক্ষ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩৫০০/ | ১৭৫০/ | ৮০০/ | ৫০০/ | ৬৫৫০ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩৫০০/ | ১৪০০/ | ৮০০/ | ৫০০/ | ৬২০০/ |

১। বয়েলিং হেলপার

২। মার্কম্যান

৩। নেইলার

৪। রোলার মেশিন হেলপার

৫। ফ্লোডার মেশিন হেলপার

৬। মিক্সার মেশিন হেলপার

৭। কাটিং হেলপার

৮। বোতল/টিন ফিলিং হেলপার

৯। ক্যাপ-সিলিং ও টিন সিলিং হেলপার

১০। প্রেস মেশিন হেলপার

১১। প্যাকার্স/র‌্যাপার্স (সাধারণ)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| অদক্ষ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩১০০/ | ১৫৫০/ | ৮০০/ | ৫০০/ | ৫৯৫০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩১০০/ | ১২৪০/ | ৮০০/ | ৫০০/ | ৫৬৪০/ |

১। সাধারণ শ্রমিক

● **শিক্ষানবিশ :**

শিক্ষানবিশীকাল একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৪৮০০/ (চার হাজার আটশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিশীকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল "খ"

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণিবিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৫০০/ | ২৭৫০/ | ৮০০/ | ৫০০/ | ৯৫৫০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৫০০/ | ২২০০/ | ৮০০/ | ৫০০/ | ৯০০০/ |

১। সিনিয়র ক্রয় সহকারী

২। সিনিয়র বিক্রয় সহকারী

৩। সিনিয়র টেলিফোন অপারেটর

৪। মুয়াজ্জিন

৫। মেডিক্যাল এটেন্ড্যান্ট

৬। হিসাব সহকারী

৭। স্টোর কিপার

৮। উচ্চমান সহকারী

৯। কম্পিউটার অপারেটর

১০। সিনিয়র টাইম কিপার

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪২০০/ | ২১০০/ | ৮০০/ | ৫০০/ | ৭৬০০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪২০০/ | ১৬৮০/ | ৮০০/ | ৫০০/ | ৭১৮০/ |

১। জুনিয়র ক্রয় সহকারী
২। জুনিয়র বিক্রয় সহকারী
৩। নিরাপত্তা হাবিলদার
৪। গেট ক্লার্ক
৫। মার্চেন্ডাইজার
৬। ট্রান্সপোর্ট মেকানিক
৭। টেলিফোন মেকানিক
৮। নিম্নমান সহকারী
৯। টাইম কিপার
১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক
১১। স্টোর এসিস্টেন্ট
১২। জুনিয়র টেলিফোন অপারেটর
১৩। ড্রাইভার

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩১০০/ | ১৫৫০/ | ৮০০/ | ৫০০/ | ৫৯৫০/ |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩১০০/ | ১২৪০/ | ৮০০/ | ৫০০/ | ৫৬৪০/ |

১। পিয়ন
২। দারোয়ান
৩। নাইট গার্ড
৪। সুইপার/ক্লিনার
৫। মালি
৬। কুক

● **শিক্ষানবিশ :**

শিক্ষানবিশীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৪৮০০/ (চার হাজার আটশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিশীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবে।

● **অন্যান্য সুবিধাদি ঃ**

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd